

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
সংস্থা-১ শাখা

www.ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০১৯.৩৭.০০৪.১৮.৫২

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭

০৭ জুন ২০২০

প্রজ্ঞাপন

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অধীন "সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন" শীর্ষক প্রকল্পের মাধ্যমে সারাদেশে মোট ৪১৭৬টি (সৌদি আরবে ১৫টি সহ) শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। একটি জ্ঞান নির্ভর তরুণ প্রজন্ম বিনির্মাণের লক্ষ্যে প্রতিটি ল্যাবকে কেন্দ্র করে ক্লাব গঠনের মাধ্যমে ল্যাবসমূহের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য শেখ রাসেল আইসিটি ক্লাব গঠন করা প্রয়োজন। সুষ্ঠুভাবে ল্যাবসমূহ পরিচালনার জন্য গত ০২/০৩/২০২০ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক পূর্ববর্তী কমিটি বিলুপ্ত করে নিম্নরূপভাবে কমিটি পুনঃগঠন করা হলো:

(১)	প্রধান শিক্ষক	আহ্বায়ক
(২)	ছাত্র-ছাত্রীদের প্রতিনিধি (০৫ জন : ৬ষ্ঠ হতে দ্বাদশ) (প্রয়োজ্য ক্ষেত্রে)	সদস্য
(৩)	অভিভাবকের প্রতিনিধি (০১ জন : প্রধান শিক্ষক কর্তৃক নির্ধারিত)	সদস্য
(৪)	ইয়ং বাংলার প্রতিনিধি (০১ জন)	সদস্য
(৫)	আইসিটি শিক্ষক	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি নিম্নরূপ:

১। সর্ব সাধারণের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ

২। ক্লাবসমূহ দৈনিক কমপক্ষে তিন ঘণ্টা সদস্যদের ব্যবহারের জন্য উন্মুক্ত রাখার ব্যবস্থা গ্রহণ

৩। স্কুল কর্তৃপক্ষের মাধ্যমে ক্লাবটি নিয়মিত ব্যবহার উপযোগী রাখতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ

৪। ক্লাব পরিচালনা সংক্রান্ত বিষয়ে প্রণীত নীতিমালা যথাযথ বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ

৫। আইসিটি অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রতিনিধি নিয়মিত ক্লাবটির কার্যক্রম পর্যবেক্ষণ ও মান নিশ্চিতসহ প্রতিমাসে সংশ্লিষ্ট ক্লাবের চলমান অগ্রগতি ও বিদ্যমান অবস্থা আইসিটি অধিদপ্তরকে অবহিত করবেন।

০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলাধীন ল্যাবসমূহের সার্বিক পরিচালনা ও সমন্বয়কের ভূমিকা পালন করবেন। আইসিটি অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত সহকারী প্রোগ্রামারগণ সহকারী সমন্বয়ক এর দায়িত্ব পালন করবেন। পাশাপাশি অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সিটি কর্পোরেশন এলাকায় স্থাপিত ল্যাবসমূহের সার্বিক পরিচালনা ও সমন্বয়কের ভূমিকা পালন করবেন এবং প্রোগ্রামারগণ সহকারী সমন্বয়ক এর দায়িত্ব পালন করবেন।

০৩। গত ৩১/০৫/২০১৬ তারিখে ৫৬.০০.০০০০.০২৮.২০.০৪ ৭.১৫-৭০৫ সংখ্যক স্মারকমূলে জারীকৃত পত্রটি বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



১০-৬-২০২০

মোঃ মাইনুল হক ভূঁইয়া  
উপসচিব

ফোন: ০২-৮১৮১৬৭৬

ইমেইল: moynul@ictd.gov.bd

নম্বর:

৫৬.০০.০০০০.০১৯.৩৭.০০৪.১৮.৫২/১(৫০১)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

২) অতিরিক্ত সচিব, অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৩) জেলা প্রশাসক,

চট্টগ্রাম/জামালপুর/মানিকগঞ্জ/কুমিল্লা/রংপুর/সিলেট/ঝিনাইদহ/যশোর/চাঁদপুর/রাজবাড়ী/বগুড়া/সিরাজগঞ্জ/সুনামগঞ্জ/দিনাজপুর/মুন্সিগঞ্জ/নারায়ণগঞ্জ/খুলনা/সাতক্ষীরা/ঢাকা/লালমনিরহাট/ব্রাহ্মণবাড়িয়া

৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৫) উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)

৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭

০৭ জুন ২০২০